গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ১.৫.১ অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ৩য় সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আবদুল ওয়াহাব ভূঞা<br>মহাপরিচালক (গ্রেড-১) |
| সভার তারিখ ও সময় | : | ২৮ মে, ২০২৩ খ্রি:, সকাল ১১.৩০ টা |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭) |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তথ্য অধিকার বিষয়ে আলোচনার জন্য তিনি পরিচালক (প্রশাসন)-কে অনুরোধ জানান।

০২। অত:পর সভাপতির অনুমতিক্রমে তিনি ১৩ মার্চ, ২০২৩ তারিখ অনুষ্ঠিত ২য় সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেন:

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ২.১ | সেবা গ্রহীতা সেবা সংশ্লিষ্ট তথ্য জানতে চাইলে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান নিশ্চিত করতে হবে। তবে সেবা গ্রহীতার সাথে চাহিত তথ্যের সম্পৃক্ততা না থাকলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে নিষ্পত্তি করতে হবে। | তথ্য অধিকার আইন অনুযায়ী কোন নাগরিক তথ্য প্রাপ্তির আবেদন করলে তা নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করা হয়ে থাকে। গত ০৪/০৮/২০২২ তারিখের ০১ জনের আবেদনের বিপরীতে ০৮/০৯/২০২২ তারিখ এবং ১৫/০১/২০২৩ তারিখের ০১ জনের আবেদনের বিপরীতে ২৯/০১/২০২৩ তারিখ তথ্য প্রদান করা হয়েছে। |
| ২.২ | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী চাহিত তথ্য প্রদানযোগ্য বা প্রকাশযোগ্য না হলে সংশ্লিষ্ট ধারা উল্লেখ করে আবেদনকারীকে নির্ধারিত সময়ের মধ্যে অবহিত করতে হবে। | তথ্য প্রদানযোগ্য বা প্রকাশযোগ্য নয় এমন কোন আবেদন জুলাই/২২ হতে এপ্রিল/২৩ এর মধ্যে পাওয়া যায়নি। তবে এমন আবেদন পাওয়া গেলে তথ্য অধিকার আইন, ২০০৯ এর সংশ্লিষ্ট ধারা উল্লেখ করে আবেদনকারীকে নির্ধারিত সময়ের মধ্যে অবহিত করা হবে। |
| ২.৩ | তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেক ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশ করতে হবে। | তথ্য অধিকার সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক অগ্রগতি ৩০ মার্চ, ২০২৩ তারিখ অধিদপ্তরের ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশ করা হয়েছে। |

০৩। সভাপতি সভায় উপস্থিত অংশীজনের (Stakeholder) উদ্দেশ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ এবং এর বিধিবিধান সম্পর্কে গুরুত্বপুর্ণ বিষয়সমূহ উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন)-কে অনুরোধ করেন। সে প্রেক্ষিতে তিনি উপস্থিত অংশীজনকে নিম্নবর্ণিত বিষয়ে অবহিত করা হয়:

- অধিদপ্তরের ওয়েবসাইটে গিয়ে ডিএনসি হটলাইনে যে কোন বিষয়ে মতামত/পরামর্শ/অভিযোগ/তথ্য প্রদান করা যাবে-বিষয়টি ওয়েবসাইটে প্রদর্শন করা হয়।
- অধিদপ্তরের ওয়েবসাইটে অধিদপ্তরের ফেসবুক পেজ ও ইউটিউব প্রদর্শন করা হয়। অধিদপ্তরের ফেসবুক পেজে ও ইউটিউবে আপলোডকৃত তথ্যাদির বিষয়ে লাইক, কমেন্ট বা শেয়ারের বিষয়টি উপস্থিত অংশীজনকে অবহিত করা হয়।
- তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮ ধারা অনুযায়ী কোন ব্যক্তি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে লিখিতভাবে বা ইলেকট্রনিক মাধ্যম বা ই-মেইলে অনুরোধ জানানো যাবে। সে ক্ষেত্রে অনুরোধকারীর নাম-ঠিকানা (মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা), চাহিত তথ্যের স্পষ্ট বর্ণনা, তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী এবং কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী-তা স্পষ্টভাবে উল্লেক করতে হবে মর্মে অবহিত করা হয়।
- তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারা অনুযায়ী কোন কোন তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়-সে সকল বিষয়ে অবহিত করা হয়।
- নির্ধারিত সময়ের মধ্যে চাহিত তথ্য না পাওয়া গেলে পরবর্তী করণীয় সম্পর্কে অবহিত করা হয়।
- অধিদপ্তরের তথ্য অধিকার বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্মকর্তাগণের বিষয়ে অবহিতকরণ করা হয়।

০৪। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | সেবা গ্রহীতা সেবা সংশ্লিষ্ট তথ্য জানতে চাইলে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান নিশ্চিত করতে হবে। তবে সরকারের বা দপ্তরের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন কোন তথ্য চাওয়া হলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে বিষয়টি নিষ্পত্তি করতে হবে। | উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা) |
| ৪.২ | তথ্য প্রকাশ বা প্রদান করা যাবে না এমন তথ্য চাওয়া হলে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সংশ্লিষ্ট ধারা উল্লেখ করে আবেদনকারীকে নির্ধারিত সময়ের মধ্যে অবহিত করতে হবে। | |
| ৪.৩ | স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০ জুন, ২০২৩ তারিখের মধ্যে অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সহকারী প্রোগ্রামার |

০৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১/৬/২০২৩

(মো: আবদুল ওয়াহাব ভূঞা)
মহাপরিচালক (গ্রেড-১)।

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১- ১৮১৪

১৮ জ্যৈষ্ঠ, ১৪৩০
তারিখ: --------------------
০১ জুন, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,...........।
৭। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। সহকারী পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ ও হিসাব/জনসংযোগ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.................।
১০। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অফিস কপি।

০১/০৬/২৩

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)